

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মা ফাতেমা (রা:) মহিলা প্রশিক্ষণ ও উন্নয়ন কমপ্লেক্স
মহিলা বিষয়ক অধিদপ্তর
সারিয়াকান্দি, বগুড়া।

স্মারক নং-৩২.০১.১০৮১.০০০.২৫.০১৪.২০২২- (৬৭)

তারিখ: ১৮/১২/২০২২ খ্রি:

মা ফাতেমা (রা:) মহিলা প্রশিক্ষণ ও উন্নয়ন কমপ্লেক্সে ভর্তি বিজ্ঞপ্তি

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ধীন মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক পরিচালিত “মা ফাতেমা (রা:) মহিলা প্রশিক্ষণ ও উন্নয়ন কমপ্লেক্স” ভর্তির জন্য শুধুমাত্র মহিলাদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাইতেছে।

প্রশিক্ষণ কেন্দ্রের নাম ও ঠিকানা	কোর্সের নাম	শিক্ষাগত যোগ্যতা	প্রশিক্ষার্থীর সংখ্যা	কোর্সের মেয়াদ	শিক্ষার্থীর বয়স	মন্তব্য
“মা ফাতেমা (রা:) মহিলা প্রশিক্ষণ ও উন্নয়ন কমপ্লেক্স” সারিয়াকান্দি বগুড়া। (সারিয়াকান্দি বাসস্ট্যান্ড থেকে আব্দুল মান্নান সরকারি মহিলা কলেজ সংলগ্ন)	১। মোটরসাইকেল সার্ভিসিং	নূন্যতম ৮ম শ্রেণি পাশ	১০ জন	৩ মাস	১৭-৩৫ বছর	
	২। কনজিউমার ইলেকট্রনিক্স	নূন্যতম ৮ম শ্রেণি পাশ	২০ জন	৩ মাস	১৭-৩৫ বছর	
	৩। ইলেকট্রিশিয়ান	নূন্যতম ৮ম শ্রেণি পাশ	২০ জন	৩ মাস	১৭-৩৫ বছর	

আবেদন ও ভর্তি সংক্রান্ত নিয়মাবলী নিম্নরূপ:

- প্রশিক্ষণ গ্রহণে ইচ্ছুক দেশের সকল এলাকার মহিলাগণ আবেদন করতে পারবেন।
- বেসরকারি প্রতিষ্ঠানের সদস্য, মহিলা বিষয়ক অধিদপ্তরের নিবন্ধীকৃত স্বেচ্ছাসেবী সমিতির সদস্য ও উত্তরবঙ্গের নির্ধারিত শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন মহিলাগণকে প্রশিক্ষণার্থী নির্বাচনের ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া হইবে। নির্বাচনের ক্ষেত্রে অবিবাহিত/স্বামী নাই এমন মহিলাদের অগ্রাধিকার দেয়া হইবে।
- প্রশিক্ষণ চলাকালীন সময় কেন্দ্রের হোস্টেলে অবস্থান করতে হইবে। হোস্টেলে অবস্থানকালে কোন আত্মীয়স্বজন/শিশু সন্তান সাথে থাকিতে পারিবে না।
- প্রশিক্ষণার্থীদের, মোটরসাইকেল সার্ভিসিং, কনজিউমার ইলেকট্রনিক্স এবং ইলেকট্রিশিয়ান প্রশিক্ষণ বিষয়ে হাতে কলমে শিক্ষার জন্য মানসিকভাবে আগ্রহী এবং শারীরিকভাবে যোগ্যতা সম্পন্ন হতে হবে।
- অধ্যয়নরত ছাত্রী ও চাকুরীর মহিলারা ভর্তির অযোগ্য বলিয়া বিবেচিত হইবেন।
- প্রশিক্ষণার্থীদের বিনামূল্যে নিরাপদ হোস্টেলে থাকা, খাওয়া ও বিছানাপত্র সরবরাহ করা হইবে।
- প্রশিক্ষণ চলাকালীন সময় প্রত্যেক প্রশিক্ষণার্থীকে প্রতি মাসে ৩০০/- (তিনশত) টাকা হিসেবে ভাতা প্রদান করা হইবে। ইহাছাড়া অন্য কোন খরচ/ভাতা প্রদান করা হইবে না।
- ৩ মাস মেয়াদী প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণার্থীদেরকে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক স্বাক্ষর সম্বলিত সনদ প্রদান করা হবে।
- সকল ট্রেডে প্রশিক্ষণ শেষে শতভাগ প্রশিক্ষণার্থীদেরকে বিভিন্ন কোম্পানিতে ইউসেপ বাংলাদেশের মাধ্যমে চাকুরীর ব্যবস্থা করা হবে।
- প্রশিক্ষণ সমাপ্ত করনের পর বিভিন্ন প্রতিষ্ঠানে চাকুরী করতে আগ্রহী প্রার্থীদের ভর্তির ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া হবে।
- প্রশিক্ষণার্থীদের নিজের নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, জন্ম তারিখ ২৭/১২/২০২২ ইং তারিখে বয়স, শিক্ষাগত যোগ্যতা, অভিভাবকের অঙ্গিকারনামা, কেন্দ্রে অবস্থানকালে সাফাৎ প্রার্থী ২ জন নিকটাত্মীয়ের নাম ও প্রত্যেকের ২ (দুই) কপি করে পাসপোর্ট সাইজের রঙিন ছবিসহ সম্পর্ক উল্লেখপূর্বক “মা ফাতেমা (রা:) মহিলা প্রশিক্ষণ ও উন্নয়ন কমপ্লেক্সের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা বরাবরে সাদা কাগজে আবেদন করিতে হইবে।
- আবেদনপত্রের সঙ্গে শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি, ২ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনারের নাগরিকত্বের সনদপত্রের/ভোটার আইডি কার্ডের/জন্ম নিবন্ধনের সত্যায়িত ফটোকপি জমা দিতে হইবে।
- আবেদনপত্র মা ফাতেমা (রা:) মহিলা প্রশিক্ষণ ও উন্নয়ন কমপ্লেক্স এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মহিলা বিষয়ক অধিদপ্তর, সারিয়াকান্দি, বগুড়া বরাবরে ২৭/১২/২০২২ ইং তারিখের মধ্যে জমা দিতে হবে।
- ভর্তি পরীক্ষা আগামী ২৮/১২/২০২২ ইং তারিখে সকাল ১১.০০ ঘটিকায় উল্লেখিত কমপ্লেক্সে অনুষ্ঠিত হবে। প্রয়োজনে যোগাযোগ করুন: ০১৭১৮-৬৫৭৬২০, ০১৭১৮-৫১৮৮৮৩, ০১৭২৪-৬৬৯১৮২, ০১৭৮২-০৪৬২৬৯।
- ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য আলাদা কোনো কার্ড ইস্যু করা হইবে না। ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হইবে না।

(বি: দ্র: সকল ট্রেডের প্রশিক্ষণ শেষে শতভাগ প্রশিক্ষণার্থীকে বিভিন্ন কোম্পানিতে ইউসেপ বাংলাদেশের মাধ্যমে চাকুরীর ব্যবস্থা করা হবে।)

স্বাক্ষরিত

(সায়লা পারভীন নাহার)

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা

ও

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা

মা ফাতেমা (রা:) মহিলা প্রশিক্ষণ ও উন্নয়ন কমপ্লেক্স
সারিয়াকান্দি, বগুড়া।